

# সৌহার্দ্য

উথিয়া, কক্সবাজার। এপ্রিল ২০২২

বর্ষ: ১১, সংখ্যা: ৬

"Emergency assistance to support COVID-19 response in Cox's bazar camps & host communities (ERSCR) Project"  
কক্সবাজার জেলায় বাস্তবায়ন করা হচ্ছে। টিয়ার ফান্ডের আর্থিক ও কারিগরি সহায়তায় কোস্ট ফাউন্ডেশন কর্মসূচীট বাস্তবায়ন করার পরিকল্পনা প্রনয়ণ করে এবং সে অনুসারে কক্সবাজার জেলার দুই উপজেলা ও রোহিঙ্গা ক্যাম্পে এসব কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। (রামু উপজেলার খুনিয়াপালং ও কক্সবাজার সদরের ঝিলংজা ইউনিয়ন এবং ক্যাম্প ১ পশ্চিম ও ক্যাম্প ৯ উক্ত প্রকল্পের কর্ম এলাকা)।



আয় বৃদ্ধিমূলক কার্যকলাপ প্রশিক্ষনে কিশোরী ও মহিলারা নগদ সহায়তা নিচ্ছেন খুনিয়া পালং ইউপি চেয়ারম্যানের কাছ থেকে। ছবি: ইরফাত, আইজিএ ফ্যাসিলিটের, ই এ এস আর প্রকল্প।

৩০০ টাকা খরচে ১৩০০ টাকা আয় করেছে

## স্বপ্নের সিড়ি দল

কোস্ট ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত উঅবস্জি আওতায় কক্সবাজার জেলার রামু উপজেলার খুনিয়া ইউনিয়নের প্রান্তিক নারীদের নিয়ে ১০ জন করে ৩০ টি দল গঠন করা হয়। তার মধ্যে একটি দলের নাম হলো স্বপ্নের সিড়ি। তারা EASCR প্রকল্পের দেওয়া আয়বর্ধন মূলক শাক-সবজি চাষাবাদ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষনের পর স্বপ্নের সিড়ি দলের নারী সদস্যরা সবজি চাষে তৎপর হয়ে সবাই মিলে বাড়ির আশেপাশের খালি জায়গা একটি প্লট তৈরি করে জৈব উপায়ে শাক-সবজি চাষাবাদ শুরু করেন।

ঐ দলের দায়িত্বে থাকা আইজিএ ফ্যাসিলিটেরের পরামর্শে সবজি বাগানের নিয়মিত পরিচর্যা ও যত্ন নিচ্ছেন সদস্যরা। ধীরে ধীরে শাক-



স্বপ্নের সিড়ি দলের সদস্যগণ বিক্রি করার জন্য শাক তুলতেছে। Photo: Shopner Shiri team .

সবজির চারা বাড়তে থাকে। স্বপ্নের সিড়ি দলের সদস্যরা জানান ইতি মধ্যে তারা লালশাক ও ডাটা শাক বিক্রি করে ৫০০ টাকা আয় করেন। তারা আরো জানান, আমাদের সবার উচিত বাড়ির আশে-পাশে পড়ে থাকা খালি জায়গায় শাক-সবজি চাষ করার মাধ্যমে সঠিক ব্যবহার করা। এতে করে যেমন পরিবারের খাদ্য চাহিদা পূরণ করা সম্ভব তেমনি শাক-সবজি বাজারে বিক্রি করে বাড়তি আয় করা সম্ভব বলে আমরা মনে করি।

যোগাযোগ: মিজানুর রহমান; মোবাইল ০১৭১৩৩২৮৮০৮ মেইল: mizanurcoast@gmail.com www.coastbd.net

স্বপ্ন পূরণের পথে ২০০ পিছিয়ে পড়া পরিবার

কোভিড ১৯ এ ক্ষতিগ্রস্ত ও পিছিয়ে পড়া খুনিয়া পালং ইউনিয়নের ২০০ স্থানীয় পরিবারের মধ্যে আয় বর্ধনমূলক কার্যক্রম পরিচালনার জন্য ৮৪০০ (আট হাজার চারশত টাকার চেক বিতরণ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা কোস্ট ফাউন্ডেশন। এর পূর্বে কোস্ট ফাউন্ডেশন দাতা সংস্থা টিয়ারফান্ডের সহযোগিতায় **Emergency**



তাহেরা বেগম, দলের নাম: ডালিয়া, পেচার দ্বীপ, খুনিয়া পালং নগদ সহায়তার টাকা দিয়ে ছাগল কিনছেন। ছবি: সাজেদুল, আইজিএ ফ্যাসিলিটের, ই এ এস আর প্রকল্প।

assistance to support COVID-19 response in Cox's bazar camp and host communities প্রকল্প

বাস্তবায়ন করছে যার মাধ্যমে খুনিয়া পালং ইউনিয়নের ২নং ও ৯ নং ওয়ার্ডের ২০০ পরিবারকে কৃষি, গবাদি পশু পালন ও সেলাই প্রশিক্ষণ দেয়া হয়। চেক বিতরণকালে উপস্থিত ছিলেন খুনিয়া পালং ইউনিয়ন পনিষদের চেয়ারম্যান, ২ নং ও ৯নং ওয়ার্ডের সদস্যবৃন্দ প্রকল্প কর্মকর্তাসহ অনেকে।

খুনিয়া পালং ইউনিয়ন পনিষদের চেয়ারম্যান বলেন, কোস্ট ২০২১ সাল থেকেই এই এলাকার কোভিড ১৯ এ ক্ষতিগ্রস্ত ও পিছিয়ে পড়া পরিবারকে নিয়ে কাজ করছে, তাদের পরিবার বাছাই প্রক্রিয়া খুবই স্বচ্ছ ছিল এবং তাদের প্রদত্ত প্রশিক্ষনের মানও তুলনামূলক ভালো। পূর্বেও এই প্রকল্প হতে সাবান, মাস্ক ও কবল বিতরণ করছে। কোস্ট ফাউন্ডেশনকে অসংখ্য ধন্যবাদ কোভিড ১৯ এ ক্ষতিগ্রস্ত ও পিছিয়ে পড়া মানুষকে সহায়তা করার জন্য''। আমাদের সাথে পরামর্শ করে বর্তমান চাহিদা মোতাবেক সহায়তা কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। বিতরণে আরো উপস্থিত ছিলেন মো, মিজানুর রহমান সহ বিভিন্ন সিনিয়র সহকর্মীবৃন্দ।